



কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম।

তারিখঃ ৩/০৯/২০২৬

টোল আদায় ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (২য় বার)

এতদ্বারা সকল ব্যবসায়ী ও প্রতিষ্ঠান সমূহের এবং ইজারা গ্রহনকারীগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র পৌরসভার আওতাধীন শহীদ জিয়া বাজার সাইকেল স্ট্যান্ড টি টোল আদায়ের লক্ষ্যে ০১ অক্টোবর/২০২৬ হতে ৩০ জুন/২০২৭ পর্যন্ত (০৯ মাস মেয়াদে) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূর্ণ ইজারা প্রদান করা হবে। নির্ধারিত দরপত্র ফরমে আবেদন করার জন্য আহবান করা হইল।

ইজারা মহলের নাম	স্থান	দরপত্রের মূল্য (অফেরত যোগ্য)	সরকারি মূল্য	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বিক্রয় ও দাখিলের স্থান	দরপত্র খোলার স্থান ও সময়
১ সাইকেল স্ট্যান্ড (শহীদ জিয়া বাজার)	২ ইজারাদারের নিজ দায়িত্বে বাজার সংলগ্ন স্থান	৩ ১০০০/= (এক হাজার) টাকা	৪ ১,৫২,০০০/- (এক লাখ বায়ান্ন হাজার) টাকা	৫ ২য় বার ১৩/০৯/২৬ ৩য় বার ২৭/০৯/২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত	৬ ২য় বার ১৪/০৯/২৬ ৩য় বার ২৮/০৯/২৬ দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত।	৭ জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম।	৮ কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম। খোলার সময় ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকা।

দরপত্রের শর্তাবলীঃ

- ১। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহণযোগ্য হবে না। খামের উপর দরদাতার নাম ঠিকানা ও ইজারার বিষয় উল্লেখ করতে হবে।
- ২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন স্থানীয় তফসিলি ব্যাংক হতে ০৩ নং কলামে উল্লেখিত মূল্যে “প্রশাসক”, কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার/বিডি করে দরপত্র ক্রয় করতে হবে।
- ৩। দরপত্রের সহিত দাখিলকৃত দরের উপর ১০০% ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর পে-অর্ডার/বিডি-এর মাধ্যমে পৃথক পৃথক ভাবে সংযুক্ত করতে হবে।
- ৪। পৌর কর্তৃপক্ষের অনুমোদিত রেটের বাইরে অতিরিক্ত ফি/টোল আদায় করা যাবে না এবং বিনা রশিদে টোল/ফি আদায় করা যাবে না।
- ৫। কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ইজারাদারকে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৬। ইজারা মহাল কোন ক্রমেই অন্যের নিকট সাব লিজ প্রদান করা যাবে না। চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করিলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ৭। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দর গ্রহন করা হবে। দুই বা ততোধিক দরপত্রের দর সর্বোচ্চ একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৮। কাজিত দর পাওয়া না গেলে দাখিলকৃত সর্বোচ্চ দর রেখে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৯। টোল আদায়কারীগণকে নির্দিষ্ট পোশাক পরিধান করতে ও পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। ভীতি প্রদর্শনের জন্য লাঠি ব্যবহার করা যাবে না।
- ১০। দরপত্রের সহিত হাল সনের ট্রেড লাইসেন্স এর ছায়ািলিপি প্রদান করতে হবে।
- ১১। শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে সাইকেল স্ট্যান্ড (শহীদ জিয়া বাজার) টোল আদায় করা যাবে।
- ১২। সাইকেল গ্যারেজ নিতে আগ্রহী ইজারাদারকে শহীদ জিয়া বাজার সংলগ্ন জায়গায় নিজ দায়িত্বে গ্যারেজ স্থাপন করতে হবে। নিজস্ব জায়গা আছে বা ব্যবহার করিতে পারিবেন অথবা জায়গার মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজ দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ১৩। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল সহ বিজ্ঞপ্তি বাতিলের অথবা নতুন কোন শর্ত সংযোজনের ক্ষমতা রাখেন।

(Signature)
প্রশাসক

কুড়িগ্রাম পৌরসভা।

তারিখঃ ৩/০৯/২০২৬

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.০৫১.২৬-

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
- ২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
- ৬। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
- ৭। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
- ৯। সভাপতি/সম্পাদক, শহীদ জিয়া বাজার, ও ইজারাদার শহীদ জিয়া বাজার/শহীদ জিয়া বাজার সাইকেল গ্যারেজ, কুড়িগ্রাম।
- ১০। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
- ১১। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
- ১২। অফিস নথি।

(Signature)
প্রশাসক

কুড়িগ্রাম পৌরসভা।